ISSN 2519-6030

উত্তরা ইউনিভার্সিটি

লেখনী

ভাষা,সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক জার্নাল

Lekhani : A Journal of Language, Literature and Culture

প্রথম সংখ্যা, মাঘ ১৪২৩
Volume 1, January 2017

Uttara University

CamScanner

লেখনী

ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক জার্নাল

LEKHANI : A Journal of Language, Literature and Culture

প্রথম সংখ্যা, মাঘ ১৪২৩ Volume 1, January 2017

সম্পাদক ইয়াসমীন আরা লেখা

Editor Eaysmin Ara Lekha

বাংলা বিভাগ, উত্তরা ইউনিভার্সিটি, বাংলাদেশ

Department of Bangla, Uttara University, Bangladesh

CamScanner

লেখনী

ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক জার্নাল
LEKHANI : A Journal of Language, Literature and Culture

প্রথম সংখ্যা, মাঘ ১৪২৩ Volume 1, January 2017

সম্পাদক ইয়াসমীন আরা লেখা
Editor Eaysmin Ara Lekha

প্রকাশক
বাংলা বিভাগ, উত্তরা ইউনিভার্সিটি
ভাটুলিয়া, তুরাগ, ঢাকা-১২৩০, বাংলাদেশ।
ফোন: + ৮৮০-২-৫৮৯৫১১১৬, ৫৮৯৫৫৭৯৪, (এক্সটেনশন ১৩৫, ১০৩)
Lekhani : A Journal of Language, Literature and Culture is published by the Department of Bangla, Uttara University, Bhatulia, Turag, Dhaka-1230, Bangladesh.
Phone : 880-2-58951116, 58955794 (Extension : 135, 103)
E-mail : lekhani@uttarauniversity.edu.bd
মুদ্রণ
আনিকা ইন্টারন্যাশনাল
১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০, বাংলাদেশ
মূল্য
২০০ টাকা US $ 5

কপিরাইট

লেখনী ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক উত্তরা ইউনিভার্সিটির বাংলা বিভাগের একটি গবেষণামূলক জার্নাল। এর পুনর্মুদ্রণ, পরিবর্তন, পরিবর্ধন ও পুনর্মার্জনের জন্য প্রকাশকের লিখিত অনুমোদন অত্যাবশ্যক। এ জার্নালে প্রকাশিত লেখার মতামত, তত্ত্ব ও তথ্যের দায়িত্ব একান্তই লেখকের।

©Lekhani : A Journal of Language, Literature and Culture is an academic journal of the Department of Bangla, Uttara University, Dhaka, Bangladesh. Written permission of the publisher is required where any reprint, changes, edition or any evaluation of the intended reproduction of this journal . Only the authors themsellves are responsible for any opinions or views contained in the articles.

ISSN : 2519-6030

CamScanner

উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা
অধ্যাপক ড. এম. আজিজুর রহমান, উপাচার্য, উত্তরা ইউনিভার্সিটি, বাংলাদেশ

উপদেষ্টা মণ্ডলী
ড. আনিসুজ্জামান, এমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ড. বরুণকুমার চক্রবর্তী, এমেরিটাস অধ্যাপক, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, ভারত
অধ্যাপক মমতাজ বেগম, উত্তরা ইউনিভার্সিটি, বাংলাদেশ
ড. উদয় কুমার চক্রবর্তী, অধ্যাপক, যাদবপুর বিশ্ববিদ্যালয়, ভারত
ড. বিশ্বজিৎ ঘোষ, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ড. সফিকুন্নবী সামাদী, অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ড. খালেদ হোসাইন, অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ড. বেলা দাস, অধ্যাপক, আসাম বিশ্ববিদ্যালয়, ভারত

সম্পাদনা পরিষদ

সম্পাদক
অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য, উত্তরা ইউনিভার্সিটি, বাংলাদেশ

নির্বাহী সম্পাদক
ড. নূর মোহাম্মদ মল্লিক, সহযোগী অধ্যাপক, উত্তরা ইউনিভার্সিটি, বাংলাদেশ

সদস্য
ড. মুনমুন গঙ্গোপাধ্যায়, অধ্যাপক, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, ভারত
ড. চঞ্চল কুমার বোস, অধ্যাপক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ড. শোয়াইব জিবরান, অধ্যাপক, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ড. মিল্টন বিশ্বাস, অধ্যাপক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ড. অতনু শাশমল, সহযোগী অধ্যাপক, বিশ্ব-ভারতী, ভারত
ড. নারায়ণ হালদার, সহযোগী অধ্যাপক, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, ভারত
মাহমুদা বেগম, সহযোগী অধ্যাপক, উত্তরা ইউনিভার্সিটি, বাংলাদেশ
শামস্ আল্‌দীন, বাংলা বিভাগ, উত্তরা ইউনিভার্সিটি, বাংলাদেশ

CamScanner

ADVISORY PANEL

Chief Adviser
Professor Dr. M. Azizur Rahman, Vice Chancellor, Uttara University, Bangladesh

Advisory Board
Dr. Anisuzzaman, Professor Emeritus, University of Dhaka, Bangladesh
Dr. Barun Kumar Chakrabarty, Professor Emeritus, Rabindra Bharati University, India
Professor Mumtaz Begum, Uttara University, Bangladesh
Dr. Uday Kumar Chakraborty, Professor, Jadavpur University, India
Dr. Biswajit Ghosh, Professor, University of Dhaka, Bangladesh
Dr. Shafiqunnabee Samadi, Professor, Rajshahi University, Bangladesh
Dr. Khaled Hossain, Professor, Jahangirnagar University, Bangladesh
Dr. Bela Das, Professor, Assam University, India

EDITORIAL BOARD

Editor
Professor Dr. Eaysmin Ara Lekha, Pro-Vice Chancellor, Uttara University, Bangladesh

Executive Editor
Dr. Noor Mohammad Mallik, Associate Professor, Uttara University, Bangladesh

Member
Dr. Munmun Gangopadhaya, Professor, Rabindra Bharati University, India
Dr. Chanchal Kumar Bose, Professor, Jagannath University, Bangladesh
Dr. Shoaib Gibran, Professor, Bangladesh Open University, Bangladesh
Dr. Milton Biswas, Professor, Jagannath University, Bangladesh
Dr. Atanu Sasmal, Associate Professor, Visva-Bharati, India
Dr. Narayan Halder, Associate Professor, Rabindra Bharati University, India
Mahmuda Begum, Associate Professor, Uttara University, Bangladesh
Shams Aldin, Department of Bangla, Uttara University, Bangladesh

CamScanner

সম্পাদকীয়

বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির উৎকর্ষ সাধনে উত্তরা ইউনিভার্সিটির বাংলা বিভাগ থেকে 'লেখনী : ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক জার্নাল' নামে একটি জার্নাল প্রকাশিত হতে যাচ্ছে। জার্নালটি প্রকাশে অনেকের সহযোগিতা পেয়েছি। প্রধান উৎসাহ ও প্রেরণা যুগিয়েছেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এম. আজিজুর রহমান। এ ছাড়া অকুণ্ঠ সমর্থন পেয়েছি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ ও অধ্যাপক ড. রফিকউল্লাহ খান এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. খালেদ হোসাইন ও অধ্যাপক ড. এ এস এম আবু দায়েনের কাছ থেকে। তাঁদের প্রতি আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ।

ভাষা ও সংস্কৃতির বিবর্তন এবং বাঙালির চিন্তনের অভিঘাতকে ধরে রাখার নিমিত্তে এই প্রয়াস। লেখার গুণগত মান ও বস্তুনিষ্ঠতা রক্ষা করে নবীন-প্রবীণ গবেষকদের রচনাকে আমরা প্রকাশ করতে উৎসাহী। মৌলিক গবেষণামূলক যুক্তিপূর্ণ প্রবন্ধ আমাদের কাম্য।

গবেষণা-সাহিত্যের গতি-প্রকৃতি নির্ধারণের ব্যাপারে কোনো সৃজনশীল জার্নালের যে বিশেষ ভূমিকা থাকা বাঞ্ছনীয় সে বিষয়েও আমরা অত্যন্ত মনোযোগী। আমাদের প্রত্যয় ভবিষ্যতে 'লেখনী : ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক জার্নাল'কে আমরা সমৃদ্ধতর করে পাঠকের হাতে তুলে দিতে সক্ষম হবো।

রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস উপলক্ষে ২০১৬ সালের ৫-৬ আগস্ট এ সম্মেলনের আয়োজন করা হয়। যৌথভাবে এটি আয়োজন করে উত্তরা ইউনিভার্সিটি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এবং ভারতের রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্রচর্চা কেন্দ্র। সম্মেলনে বাংলাদেশ, ভারত, চীন ও জাপানের নবীন-ভাবুক, পণ্ডিত-গবেষকগণ প্রবন্ধ উপস্থাপন করেন। জার্নালের জন্যে বাছাই করা প্রবন্ধগুলো সম্মেলনে উপস্থাপিত প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে। প্রবন্ধগুলোর রিভিউর দায়িত্ব পালন করেন দেশ-বিদেশের বাংলার বিশিষ্ট শিক্ষাবিদ, প্রবীণ অধ্যাপক এবং গবেষকবৃন্দ।

বর্তমান জার্নালে প্রকাশিত প্রবন্ধগুলোতে রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষা-ভাবনা বাংলাদেশের সার্বিক শিক্ষা-ভাবনার সমান্তরাল এবং একইসঙ্গে প্রাসঙ্গিক। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের তরুণ গবেষক *নিবেদিতা বিশ্বাস* রবীন্দ্রনাথ ঠাকুরের নারীভাবনার ওপর আলোকপাত করেছেন। জীবনদর্শন ও শিক্ষাচিন্তার স্বরূপ উদ্‌ঘাটন করেছেন *শিপ্রা সরকার*। বাংলাদেশের নাজুক শিক্ষাব্যবস্থার অসারতার চিত্র তুলে ধরতে গিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের 'তোতা-কাহিনী'র দ্বারস্থ হয়েছেন *হিমেল বরকত*। শিক্ষা ও সমাজের পারস্পরিক নির্ভরতা বস্তুনিষ্ঠভাবে ফুটে উঠেছে ইয়াসমীন আরা লেখার অনুসন্ধানে। *বাকী বিল্লাহ বিকুল* রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষা-ভাবনাসংক্রান্ত ত্রয়ী প্রবন্ধে মনোনিবেশ করেছেন। সমাজ ও সভ্যতার অগ্রযাত্রায় রবীন্দ্র-দৃষ্টিভঙ্গিতে নারীশিক্ষার গুরুত্ব তুলে ধরেছেন *খায়রুন নিসা*। শিক্ষাসমস্যা নিয়ে পর্যালোচনা করেছেন *তাছনিম আক্তার*।

CamScanner

এদেশের প্রচলিত শিক্ষাধারার বাইরে শেকড়সন্ধানী শিক্ষা-প্রবর্তনায় শান্তিনিকেতনের ভূমিকা তুলে ধরেছেন *দুলালী রানী সাহা*। রবীন্দ্রমননে শিক্ষার আন্তর্জাতিকতা তথা বিশ্বপল্লির রূপরেখা প্রণয়ন করেছেন *মোঃ ফোরকান আলী* তাঁর প্রবন্ধে।

প্রতিদিন যে সকল নতুন চিন্তক-ভাবুক ও গবেষকের আবির্ভাব ঘটছে তাঁদের রচনা যথাযথভাবে পাঠকের কাছে উপস্থাপন করা আমাদের প্রধানতম দায়িত্ব। আমরা আশাবাদ ব্যক্ত করি– 'লেখনী : ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক জার্নাল' সে দায়িত্ব অত্যন্ত নিষ্ঠার সঙ্গে পালন করবে। একটি সৃজনশীল গবেষণাপত্রিকা কোনো দেশের গবেষণার মানোন্নয়নে যে বড় অবদান রাখতে পারে, সে বিষয়ে আমরা সর্বদাই সচেতন।

ইয়াসমীন আরা লেখা

CamScanner

সূচিপত্র

নিবেদিতা বিশ্বাস
নারীশিক্ষাভাবনা ও রবীন্দ্রনাথ

শিপ্রা সরকার
রবীন্দ্রনাথের জীবনদর্শন ও শিক্ষাচিন্তার স্বরূপ

হিমেল বরকত
রবীন্দ্রনাথের 'তোতা-কাহিনী' ও বাংলাদেশের শিক্ষাব্যবস্থা

ইয়াসমীন আরা লেখা
রবীন্দ্র ভাবনায় শিক্ষা ও সমাজ

বাকী বিল্লাহ্ বিকুল
রবীন্দ্রনাথের ত্রয়ী প্রবন্ধে শিক্ষাভাবনা

খায়রুন নিসা
স্ত্রীশিক্ষা : রবীন্দ্র-দৃষ্টিভঙ্গি

তাছনিম আক্তার
শিক্ষাসমস্যা প্রসঙ্গে রবীন্দ্রনাথ : একটি পর্যালোচনা

Dulali Rani Saha
Santiniketan Versus Conventional and Didactic Schooling

Md. Forkan Ali
Idea of Global Village and Rabindranath : Tagore's Internationalization of Education

CamScanner

নিবেদিতা বিশ্বাস*

নারীশিক্ষাভাবনা ও রবীন্দ্রনাথ

সারসংক্ষেপ: *রবীন্দ্র-সৃষ্টি সাহিত্যে মূলত জীবনের জলছবি প্রতিফলিত হয়েছে। সেই অংশের বৃহদাকার জায়গা জুড়ে নারী জীবন ও নারীশিক্ষা প্রাধান্য পেয়েছে। রবীন্দ্রনাথ নারীশিক্ষা সম্পর্কে মনে প্রাণে মুক্ত ও আধুনিক চিন্তার পরিপোষক ছিলেন। নারীশিক্ষা তথা নারী স্বাধীনতাকে স্বীকৃতি দিতে রবীন্দ্রনাথের পরিবারের মতো বর্ধিষ্ণু জমিদার পরিবারকেও যথেষ্ট বেগ পেতে হয়েছিল। নারীর মনুষ্যত্বের বিকাশের জন্য যেমন তিনি বিশুদ্ধ শিক্ষার কথা বলেছিলেন, তেমন মেয়েদের নারী হয়ে ওঠার জন্য ব্যবহারিক শিক্ষার কথাও বলেছিলেন। রবীন্দ্রনাথ চেয়েছিলেন মেয়েরা শুধু আক্ষরিক শিক্ষায় শিক্ষিত না হয়ে, আন্তরিকভাবে শিক্ষিত হয়ে উঠুক। তার জন্য সবসময় যে বিদ্যালয়ের শিক্ষায় শিক্ষিত হতে হবে এমনও নয়। 'নারীশিক্ষাভাবনা ও রবীন্দ্রনাথ' শীর্ষক প্রবন্ধে তাঁর মনোজাগতিক নানা প্রেক্ষাপটের দ্বার উন্মোচনের প্রয়াস নেওয়া হয়েছে।*

'মানুষের সৃষ্টিতে নারী পুরাতনী। নরসমাজে নারীশক্তিকে বলা যেতে পারে আদ্যাশক্তি। এই সেই শক্তি যা জীবলোকে প্রাণকে বহন কর, প্রাণকে পোষণ করে। ...প্রকৃতি তাকে যে হৃদয়সম্পদ দিয়েছেন নিত্যকৌতূহলপ্রবণ বুদ্ধির হাতে তাকে নূতন নূতন অধ্যবসায়ে পরখ করতে দেওয়া হয় নি। নারী পুরাতনী'[১]

সৃষ্টিতে নারীকে যতই 'পুরাতনী' বলা হোক, বা বলা হোক 'আদ্যাশক্তি', নারীর স্বাধীনতা এবং শিক্ষা সম্পর্কে তথাকথিত পুরুষতান্ত্রিক সমাজ, মূল সমাজ-সংস্কৃতি থেকে বা সভ্যতার মূল স্রোত থেকে নারীকে জ্ঞাতে হোক বা অজ্ঞাতে হোক বিচ্ছিন্ন করতে চেয়েছে। অন্তত ইতিহাস আমাদের সেভাবেই ভাবতে শেখায়।

'নারী পুরাতনী' একথা বলার মধ্যে যেমন নারীর গৌরব নিহিত রয়েছে, তেমনি অন্যদিকে তার সামাজিক অবস্থানকে সংকুচিতও করে দেখা হয়েছে। নারীকে আদ্যশক্তি বলা হলেও সব সময়ে তা মানা হয় নি। পুরুষতন্ত্র নিজে বুঝেছে এবং জগৎ-সংসারকে বোঝাতে চেয়েছে যে, সন্তান জন্মদান এবং তার প্রতিপালনের মধ্যেই নারীর প্রকৃত সার্থকতা। সমাজ ও জগতের সঙ্গে বোঝাপড়ায় নারীর বিশেষ ভূমিকা নেই বা তার প্রয়োজনও নেই। এখানে নারীর উর্বরতা শক্তিকেই স্বীকার করা হয়েছে, তার শিক্ষা-সংস্কৃতি বা অন্যান্য সম্ভাবনাকে সেই অর্থে গুরুত্বই দেওয়া হয় নি। অথচ প্রাচীন ভারতীয় সমাজের দিকে তাকালে দেখা যাবে খনা, লীলাবতী, গার্গী, মৈত্রেয়ী, অপালার মতো বিদুষী নারীরা নারীকুল তথা মানবসমাজের গৌরব বৃদ্ধি করেছিলেন।

*পিএইচ.ডি. গবেষক, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলকাতা, ভারত

CamScanner

কিন্তু এর পাশাপাশি একথাও সত্যি যে প্রেমে-মমতায়, স্নেহে-ভালোবাসায়, ধৈর্যে-সহনশীলতায় নারী মানবসংসারকে বেঁধে রেখেছে চিরকাল। নারীহৃদয়ের রসমাধুর্যে পরিপূর্ণ হয়েছে পৃথিবী। চর্যাপদের 'অপণা মাংসে হরিণা বৈরী'-র মতো নারীর এই সকল স্বভাবগুণের জন্যই সে পুরুষের হাতে বন্দী হয়েছে, সংসারের জাঁতাকলে নিষ্পেষিত হয়েছে চিরকাল। 'ছেলেবেলা' (১৯৪০) গ্রন্থে রবীন্দ্রনাথ তৎকালীন সমাজে নারীর অবস্থানের কথা সরস ও সুন্দরভাবে বর্ণনা করেছেন–

> 'মেয়েদের বাইরে যাওয়া-আসা ছিল দরজাবন্ধ পালকির হাঁপ-ধরনো অন্ধকারে, গাড়ি চলতে ছিল ভারি লজ্জা। রোদবৃষ্টিতে মাথায় ছাতা উঠত না। কোনো মেয়ের গায়ে সেমিজ পায়ে জুতো দেখলে বলত মেমসাহেবি; তার মানে লজ্জাশরমের মাথা খাওয়া। কোনো মেয়ে যদি হঠাৎ পড়ত পরপুরুষের সামনে, ফস্ করে তার ঘোমটা নামত নাকের ডগা পেরিয়ে, জিভ কেটে চট্ করে দাঁড়াত সে পিঠ ফিরিয়ে। ঘরে যেমন তাদের দরজা বন্ধ, তেমনি বাইরে বেরবার পালকিতেও; বড়োমানুষের ঝি-বউদের পালকির উপরে আরো একটা ঢাকা চাপা থাকত মোটা ঘটাটোপের। দেখতে হত যেন চলতি গোরস্থান'।[২]

নারীর এই পর্দানসীন জীবনের যেমন অজস্র ও নিখুঁত ছবি এঁকেছেন রবীন্দ্রনাথ, তেমনি নারীকে এই অচলাবস্থা থেকে তিনি দেখতেও চেয়েছেন। নারী-শিক্ষার বহু প্রতিকূলতার কথা জেনেও লীলা মিত্রের নারী-শিক্ষাভাবনার সঙ্গে সহমত পোষণ করে 'শিক্ষা' গ্রন্থের অন্তর্গত 'স্ত্রীশিক্ষা' প্রবন্ধে স্পষ্টভাবে উল্লেখ করেছেন–

> 'যাহা-কিছু জানিবার যোগ্য তাহাই বিদ্যা, তাহা পুরুষকেও জানিতে হইবে, মেয়েকেও জানিতে হইবে–শুধু কাজে খাটাইবার জন্য যে তাহা নয়, জানিবার জন্যই।'[৩]

অর্থাৎ শিক্ষা সম্পর্কে রবীন্দ্রনাথ নারী-পুরুষ নির্বিশেষে সকলের জন্য শিক্ষার কথা মেনে নিয়েছেন। কিন্তু পাশাপাশি এর সীমাবদ্ধতার কথাও বলেছেন–

> 'শিক্ষাপ্রণালীতে মেয়ে পুরুষ কোথাও কোনো ভেদ থাকিবে না, এ কথা বলিলে বিধাতাকে অমান্য করা হয়। বিদ্যার দুটো বিভাগ আছে। একটা বিশুদ্ধ জ্ঞানের, একটা ব্যবহারের। যেখানে বিশুদ্ধ জ্ঞান সেখানে মেয়ে-পুরুষের পার্থক্য নাই, কিন্তু যেখানে ব্যবহার সেখানে পার্থক্য আছেই, মেয়েদের মানুষ হইতে শিখাইবার জন্য যে ব্যবহারিক শিক্ষা তার একটা বিশেষত্ব আছে, একথা বিশেষত্ব আছে, একথা মানিতে দোষ কী?'[৪]

আপাতদৃষ্টিতে মনে হতে পারে, নারীশিক্ষা সম্পর্কে রবীন্দ্রনাথের ভাবনা খানিকটা হলেও রক্ষণশীল। এক্ষেত্রে হয়তো তাঁর চিন্তা-ভাবনায় কিছুটা হলেও সীমাবদ্ধতা ছিল। কিন্তু নারীদের মানুষ হয়ে ওঠার জন্য শুধু পুথিগত শিক্ষাকে যথেষ্ট বলে মানেন নি তিনি। এক্ষেত্রে তাদের ব্যবহারিক শিক্ষাদানের কথাও বলেছেন। যা একজন মেয়েকে পরিপূর্ণ নারী হয়ে উঠতে সাহায্য করে। পাশাপাশি একথাও বলেছেন, শিক্ষা মনুষ্যত্ব লাভের উপায় এবং তার অর্জন প্রত্যেক মানুষের সহজাত অধিকার। তাই নারীরও সে অধিকার সহজাত একথা বলাই বাহুল্য আর মেয়েদের স্বভাবে আত্মসমর্পণের যে আদর্শই থাকুক না কেন, তা দাসত্ব নয়। 'স্ত্রীশিক্ষা' প্রবন্ধে রবীন্দ্রনাথ বলেছেন– 'আসল কথা এই, স্ত্রী হওয়া, মা হওয়া, মেয়েদের স্বভাব; দাসী হওয়া নয়।'[৫]

শিক্ষা নারীর স্বাতন্ত্র্য নষ্ট করে–এমন রক্ষণশীল ভাবনা পোষণ করেন নি রবীন্দ্রনাথ। তাই 'স্ত্রীশিক্ষা' প্রবন্ধেই তিনি বলেছেন–

CamScanner

> 'আমার ধারণা এই যে, মেয়েরা যদি বা কান্ট-হেগেল্‌ও পড়ে তবু শিশুদের স্নেহ করিবে এবং পুরুষদের নিতান্ত দূর-ছাই করিবে না।'[৬]

রক্ষণশীল সমাজের জাঁতাকলে পড়ে মেয়েরা দীর্ঘকাল বন্দী জীবন কাটিয়েছে। দৈহিক ও মানসিক শক্তি এবং 'বিশুদ্ধ শিক্ষা'-র অভাব তার ব্যক্তিত্বের বিকাশে বাধা দিয়েছে পদে পদে।

স্ত্রী ও মা হওয়াই নারী জীবনের একমাত্র লক্ষ্য নয়। মনুষ্যত্বের বিকাশেই তার প্রকৃত পরিচয়। আর তার জন্য প্রয়োজন শিক্ষা, নারী তা একসময় নিজেই উপলব্ধি করেছে।

> 'আমাদের দেশে...কৃত্রিম বন্ধনমুক্ত মেয়েরা যখন আপন পূর্ণ মনুষ্যত্বের মহিমা লাভ করবে তখন পুরুষও পাবে আপন পূর্ণতা।'[৭]

আসলে শিক্ষা, যাতে মানুষের বুদ্ধির বিকাশ ঘটে তা শুধু বই পড়ে হতে পারে না। কাজের মধ্যে দিয়েও মানুষের স্বাভাবিক বুদ্ধিবৃত্তির বিকাশ ঘটে। বহিঃপ্রকৃতিতে যে কোনো প্রতিকূল অবস্থায় পড়লে, সংগ্রাম করতে করতে মানুষ শেখে। জীবনে চলার পথে এইরকম আঘাতে আঘাতে মানুষ পরিণত, পরিপূর্ণ ও শিক্ষিত হয়। আর মেয়েদের প্রকৃতিই এমন যে বহিঃপ্রকৃতির চেয়ে অন্তঃপুরের কাজই তাদের বেশি। তাই রবীন্দ্রনাথ তাঁর 'রমাবাইয়ের বক্তৃতা উপলক্ষে পত্র'-এ বলেছেন–

> 'মেয়েরা হাজার পড়াশুনো করুক, এই কার্যক্ষেত্রে কখনোই পুরুষদের সঙ্গে সমানভাবে নাবতে পারবে না। তার একটা কারণ শারীরিক দুর্বলতা। আর একটা কারণ অবস্থার প্রভেদ। যতদিন মানবজাতি থাকবে কিংবা তার থাকবার সম্ভাবনা থাকবে, ততদিন স্ত্রীলোকদের সন্তান গর্ভে ধারণ এবং সন্তান পালন করতেই হবে। এ কাজটা এমন কাজ যে, এতে অনেকদিন ও অনেকক্ষণ গৃহে রুদ্ধ থাকতে হয়, নিতান্ত বলসাধ্য কাজ প্রায় অসম্ভব হয়ে পড়ে।'[৮]

–এখানে রবীন্দ্রনাথ শিক্ষাক্ষেত্রে নারী-পুরুষের বৈষম্যের কারণটিকে যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন। নারীশিক্ষার ক্ষেত্রে স্বাভাবিক প্রতিবন্ধকতার কথা উল্লেখ করেছেন। এর মধ্যে দিয়ে পুরুষতান্ত্রিক ভাবনা বা তাঁর রক্ষণশীল মনোভাবের কোনো ছাপ ফুটে ওঠে নি। বরং তাঁর যুক্তিবাদী মনের পরিচয় পাওয়া যাচ্ছে। অর্থাৎ নারীকে একদিকে প্রকৃতি যেমন বন্দী করেছে, অন্যদিকে পুরুষ তাকে বন্দী করেছে। 'প্রকৃতির কাছ থেকে তারা পেয়েছে অশিক্ষিত পটুত্ব';[৯] তেমনি 'মেয়েদের হৃদয়মাধুর্য ও সেবানৈপুণ্যকে পুরুষ সুদীর্ঘকাল আপন ব্যক্তিগত অধিকারের মধ্যে কড়া পাহারায় বেড়া দিয়ে রেখেছে।'[১০] কিন্তু যুগ বিবর্তনের ফলে সময়ের সঙ্গে সঙ্গে এ অবস্থার পরিবর্তন অনিবার্য হয়ে পড়েছে। একটা সময় মেয়েরা সংসারের গণ্ডি অতিক্রম করতে শিখেছে। দীর্ঘকাল এই বন্দীজীবন কাটাবার পর এসেছে সীমানা ভাঙার যুগ। রবীন্দ্রনাথের মতে–'...সেই ঢাকা পালকির যুগ বহু দূরে চলে গেছে। মৃদুপদে যায়নি, দ্রুত পদেই গেছে।'[১১] নারীর শিক্ষা, স্বাধীনতা এবং ব্যক্তিস্বাতন্ত্র্যে রবীন্দ্রনাথের চিন্তা-ভাবনারও বিবর্তন ঘটেছে দ্রুতগতিতে। তাঁর কোনো রচনায়, তাঁর বক্তব্যের মধ্যে স্ববিরোধ বা দ্বন্দ্বময় মনোভঙ্গি এলেও তা চূড়ান্ত নয়। সময়ের পরিপ্রেক্ষিতে তা খানিকটা সত্য মনে হলেও রবীন্দ্রনাথ নারীশিক্ষা সম্পর্কে মনে প্রাণে মুক্ত ও আধুনিক চিন্তার পরিপোষক ছিলেন। তাই যুগ বদলের সঙ্গে সঙ্গে নারীর শিক্ষাভাবনায় এই পরিবর্তন তাঁরই পরিবারে কীভাবে শুরু হয়েছিল এবং তৎকালীন সমাজে তা কী প্রভাব ফেলেছিল, তাঁর 'কালান্তর' গ্রন্থের 'নারী' প্রবন্ধে তা ব্যাখ্যা করেছেন–

CamScanner

'বেথুন স্কুলে যে মেয়েরা সব-প্রথমে ভর্তি হয়েছিলেন তা মধ্যে অগ্রণী ছিলেন আমার বড়দিদি। তিনি দ্বার-খোলা পাল্কিতে ইস্কুলে যেতেন, সেদিনকার সম্ভ্রান্তবংশের আদর্শকে সেটা অল্প পীড়া দেয় নি।'[১২]

পুরুষতান্ত্রিক সমাজের অনুশাসন বা সম্ভ্রান্তবংশের নীতি-আদর্শকে, একপ্রকার লঙ্ঘন করে এভাবে নারীশিক্ষা তথা নারী স্বাধীনতাকে স্বীকৃতি দিতে রবীন্দ্রনাথের পরিবারের মতো বর্ধিষ্ণু জমিদার পরিবারকেও যথেষ্ট বেগ পেতে হয়েছিল। কিন্তু এ পরিবর্তন ছিল অনিবার্য। মেয়েদের আত্মরক্ষা এবং আত্মসম্মানের জন্য একটা সময়, বিদ্যাচর্চা ও বুদ্ধির চর্চার প্রয়োজন দেখা দিয়েছে। আবশ্যক হয়ে উঠেছে নারীশিক্ষা। তাই রবীন্দ্রনাথ বলেছেন–

'নিরক্ষরতার লজ্জা আজ ভদ্র মেয়েদের পক্ষে সকলের চেয়ে বড়ো লজ্জা, পূর্বকালে মেয়েদের ছাতা জুতো ব্যবহারে যে লজ্জা ছিল এ তার চেয়ে বেশি; বাটনা-বাটা কোটনা-কোটা সম্বন্ধে অনৈপুণ্যের অখ্যাতি তার কাছে কিছুই নয়।'[১৩]

মেয়েরা যত শিক্ষিত হয়েছে, তাদের ওপরে চাপিয়ে দেওয়া হাজারো কুসংস্কারকে যুক্তি দিতে বিচার করতে শিখেছে, ততই তারা 'ঘরের সমাজ' ছেড়ে 'বিশ্বসমাজে' উত্তীর্ণ হয়েছে। দীর্ঘকাল ধরে মানবসভ্যতার ব্যবস্থা-শাসনভার ছিল পুরুষের হাতে। তাই সে তার মতো করে গড়েছিল সমাজকে। নারীশিক্ষার সঙ্গে সঙ্গে নারীরও স্বাধীন মত প্রকাশের জায়গা তৈরি হয়েছে। বহুদিনের যে সংস্কারের জালে নারীর হৃদয় আবদ্ধ ছিল তা থেকে হয়ত পুরোপুরি মুক্তি পায় নি, তার মধ্যে প্রথমে খানিকটা ছেদ পড়েছে এবং কালে কালে একটু একটু করে এই বন্ধনজাল ছিন্ন হয়েছে।

নারীশিক্ষার ক্ষেত্রে রবীন্দ্রনাথ নিজেও কতটা আধুনিক মনস্ক ছিলেন তার পরিচয় মেলে রবীন্দ্রনাথের 'চিঠিপত্র'-এ। 'চিঠিপত্র'-এর ত্রয়োদশ খণ্ডে সুবোধচন্দ্র মজুমদারকে লেখা একাধিক পত্রে পুত্র রথীন্দ্রনাথ ঠাকুর, শমীন্দ্রনাথ ঠাকুরের পড়াশোনা সম্পর্কে যেমন উদ্বিগ্ন ও সতর্ক দৃষ্টির পরিচয় পাওয়া যায়, কনিষ্ঠা কন্যা মীরার লেখাপড়া সম্পর্কে সেই উদ্বেগ বা সচেতনতায় কোনো পার্থক্য চোখে পড়ে না। তাই চিঠিতে কখনো লেখেন–'শমী মীরার পড়া কেমন চল্‌চে?'[১৪] আবার কখনো–'আমি মীরাকে এক ঘণ্টা ইংরেজি পড়াইবার জন্য মনোরঞ্জনবাবুকে লিখিয়া দিয়াছি।'[১৫] একজন যথার্থ পিতা হিসেবে পুত্র-কন্যার শিক্ষার ক্ষেত্রে ভাবনার বৈষম্য ছিল না রবীন্দ্রনাথের মনে। তবে এ প্রসঙ্গে একটা বিষয় অবশ্যই উল্লেখযোগ্য যে, নারীর মনুষ্যত্বের বিকাশের জন্য যেমন তিনি বিশুদ্ধ শিক্ষার কথা বলেছিলেন, তেমন মেয়েদের নারী হয়ে ওঠার জন্য ব্যবহারিক শিক্ষার কথাও বলেছিলেন। অভিভাবক বা পিতা রবীন্দ্রনাথ কন্যা মীরার ক্ষেত্রে এই ব্যবহারিক শিক্ষার কথা কিন্তু বিস্মৃত হন নি। তাই সুবোধচন্দ্র মজুমদারকে মীরার পড়াশোনার খোঁজ নেওয়ার পাশাপাশি তাকে ঘরকন্নার কাজ শেখাতে নির্দেশ দিয়েছেন–

'বৌঠাকরুণকে বলে দিয়ো মীরাকে তিনি যেন তার ঘনকরনার সঙ্গিনী করে রাখেন–চাই কি ওকে দিয়ে তিনি তাঁর হিসেব রাখাতে পারেন। এ ছাড়া মিষ্টান্ন তৈরির ব্যাপারে যদি তাকে সহকারীরূপে দীক্ষিত করে রাখেন তবে ভবিষ্যতে আমাদের অনেক কাজে লাগবে এবং তোমাদেরও মধ্যে মধ্যে গুরুদক্ষিণা মিলতে পারে।'[১৬]

CamScanner

–কারণ রবীন্দ্রনাথ একথা নিশ্চিতভাবে উপলব্ধি করতে পেরেছিলেন যে, সমাজের নানা বিষয়ে পরিবর্তন ঘটবার ফলে একটা সময় আমাদের দেশের স্ত্রীলোকদেরও অবস্থা পরিবর্তন আবশ্যক এবং অবশ্যাম্ভাবী হয়ে পড়বে। তাই অন্তঃপুর এবং বহির্বিশ্ব কোনো একটিকে বাদ দিয়ে নারী সম্পূর্ণা হয়ে উঠতে পারে না। তাকে উভয়ক্ষেত্রেই হয়ে উঠতে হবে সমান পারদর্শী। 'য়ুরোপ প্রবাসীর পত্রে' রবীন্দ্রনাথ স্ত্রী স্বাধীনতার বিরোধীদের সমালোচনা করেই বলেছেন-

> 'স্ত্রীগণকে অন্তঃপুরে রাখা পুরুষদের সার্থপরতার ফল নয়, সাংসারিক কাজকর্মের অনুরোধে তা স্বভাবতই হয়ে দাঁড়িয়েছে। স্ত্রী স্বাধীনতা-বিরোধীদের এই এক অতি পুরোনো যুক্তি আছে; কিন্তু আমার বোধ হয় এটা আর কারও চক্ষে আঙুল দিয়ে দেখাতে হবে না যে, প্রাচীরবদ্ধ অন্তঃপুরের মধ্যে চিরকালের জন্যে প্রবেশ করা ও সমস্ত পৃথিবীর থেকে আপনাকে রুদ্ধ করে রাখা স্বাভাবিক হওয়াই নিতান্ত-অস্বাভাবিক।'[১৭]

একমাত্র নারীর শিক্ষার দ্বারাই অন্তঃপুরের এই পর্দার আড়াল সরিয়ে ফেলা সম্ভব।

আসলে বন্ধনমুক্তির এই আকুতি নারীর নিজের মধ্যে জাগ্রত হওয়াটা খুব জরুরি। এ প্রসঙ্গে 'স্ত্রীশিক্ষা' প্রবন্ধে শ্রীমতী লীলা মিত্রের চিঠির একটি কথা ভীষণভাবে প্রাসঙ্গিক : 'অতএব, গরজ যাহাদের তাঁহাদিগকেই কার্যক্ষেত্রে নামিতে হইবে।'[১৮] রবীন্দ্রনাথও তাঁর এই ভাবনার প্রতি সমর্থন জানিয়েছেন, যা রবীন্দ্রনাথের স্ত্রীশিক্ষার প্রতি পক্ষপাতহীন সমর্থন ও তাঁর শিক্ষা ভাবনারই পরিচয় দেয়। রবীন্দ্রসাহিত্যে তাই বারবার শিক্ষিত ও ব্যক্তিত্বময়ী নারীর আবির্ভাব ঘটেছে। 'গোরা'-র সুচরিতা, ললিতা, 'চোখের বালি'র বিনোদিনী, 'শেষের কবিতা'-র লাবণ্য, 'ল্যাবরেটরি'-র সোহিণী–এরা প্রত্যেকেই শিক্ষায়, রুচিতে, ব্যক্তিত্বে স্বতন্ত্র, আধুনিক। তাঁর 'চিরকুমার সভা' (১৩০৭) নাটকের নৃপবালা, নীরবালা, শৈলবালা, নির্মলা–এরা সকলেই রুচিশীলা, সুশিক্ষিতা। পুরবালা ও তার মা জগত্তারিণী এদের তুলনায় একটু সেকেলে হলেও শিক্ষার বিরোধী নয়। তাই পুরবালা তার স্বামী অক্ষয়কে বলেছে– '...মা...তোমারই কথা শুনে...বেশি বয়স পর্যন্ত মেয়েদের লেখাপড়া শেখাচ্ছেন।'[১৯]

এছাড়া এই নাটকের শৈলবালা চরিত্রটি রবীন্দ্রনাথের ব্যতিক্রমী সৃষ্টি। যে তার অকালবৈধব্যকে যুক্তির সঙ্গে মেনে নিয়েছে। হাহাকার করে নি বা সমাজের কাছে মাথা নত করে নি। শিক্ষা-দীক্ষা, সাহস-বুদ্ধিমত্তায়, রুচিশীলতা এবং ব্যক্তিত্ববোধে সে নিজেকে যোগ্য করে গড়ে তুলেছে। আসলে বন্ধন ছিন্ন করে বেরিয়ে আসার গরজ বা আকুতি নারীর নিজের মধ্যে জেগে ওঠা ভীষণ প্রয়োজন। তা না হলে পুরুষের তাগিদ বা শক্তি কখনোই তাদের সেই সম্মানজনক অবস্থানে পৌঁছে দিতে পারবে না।

সবশেষে বলা যায় রবীন্দ্রনাথ চেয়েছিলেন মেয়েরা শুধু আক্ষরিক শিক্ষায় শিক্ষিত না হয়ে, আন্তরিকভাবে শিক্ষিত হয়ে উঠুক। তার জন্য সবসময় যে বিদ্যালয়ের শিক্ষায় শিক্ষিত হতে হবে এমনও নয়। রবীন্দ্রনাথের এই আন্তরিক শিক্ষার চূড়ান্ত পরিণতি হয়েছে 'স্ত্রীর পত্র' গল্পে। এখানে মৃণালের গৃহত্যাগের মধ্যে দিয়ে তার ব্যক্তিত্বের যে রূপটি ফুটে উঠেছে তাকে বলা যেতে পারে অন্তর্শিক্ষারই ফল। এখানে এসে রবীন্দ্রনাথের শিক্ষাভাবনায় নারী-পুরুষ একাকার হয়ে গেছে।

CamScanner

আসলে রবীন্দ্রনাথ মনে করতেন 'সা বিদ্যা যা বিমুক্তয়ে' । অর্থাৎ শিক্ষা তাই যা মানুষকে মুক্তি দেয় । মৃণালের আত্মোপলব্ধি তাকে মুক্তির ঠিকানা দিয়েছিল বলেই সে আর সংসারের পাঁকচক্রে ফিরে আসে নি । অর্থাৎ রবীন্দ্রনাথের নারীশিক্ষা ভাবনা শেষ পর্যন্ত নারীকে মানবত্বে উত্তীর্ণ হওয়ারই প্রেরণা দেয় ।

তথ্যনির্দেশ

১. রবীন্দ্রনাথ ঠাকুর, 'নারী', 'কালান্তর', বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, কলকাতা, পুনর্মুদ্রণ : ভাদ্র, ১৪১৬ (প্রকাশ: বৈশাখ, ১৩৪৪) পৃষ্ঠা : ৩৬১-৩৬৩

২. রবীন্দ্রনাথ ঠাকুর, 'ছেলেবেলা', রবীন্দ্র-রচনাবলী' (ত্রয়োদশ খণ্ড) বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, কলকাতা, পুনর্মুদ্রণ : পৌষ, ১৪১৭, পৃষ্ঠা : ৭১১

৩. রবীন্দ্রনাথ ঠাকুর, 'স্ত্রীশিক্ষা', 'শিক্ষা', বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, কলকাতা, পরিবর্ধিত সংস্করণের পুনর্মুদ্রণ : ভাদ্র, ১৪১৭ (প্রকাশ : ১৩১৫), পৃষ্ঠা : ১৩৮

৪. ঐ, পৃষ্ঠা : ১৩৯

৫. ঐ, পৃষ্ঠা : ১৪০

৬. ঐ, পৃষ্ঠা : ১৩৯

৭. রবীন্দ্রনাথ ঠাকুর, 'ভারতবর্ষীয় বিবাহ', 'সমাজ', 'রবীন্দ্র-রচনাবলী' (ত্রয়োদশ খণ্ড) পৃষ্ঠা : ২৮

৮. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রমাবাইয়ের বক্তৃতা উপলক্ষে পত্র', 'পরিশিষ্ট', 'সমাজ', 'রবীন্দ্র-রচনাবলী' (ষষ্ঠ খণ্ড), বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, কলকাতা, পুনর্মুদ্রণ : ভাদ্র, ১৪১৭, পৃষ্ঠা : ৬৭৯

৯. রবীন্দ্রনাথ ঠাকুর, 'নারী', 'কালান্তর', বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, কলকাতা, পুনর্মুদ্রণ : ভাদ্র, ১৪১৬ (প্রকাশ: বৈশাখ, ১৩৪৪) পৃষ্ঠা : ৩৬৩

১০. ঐ, পৃষ্ঠা : ৩৬৩-৩৬৪

১১. ঐ, পৃষ্ঠা : ৩৬৫

১২. ঐ, পৃষ্ঠা : ৩৬৫

১৩. ঐ, পৃষ্ঠা : ৩৬৬

১৪. রবীন্দ্রনাথ ঠাকুর, 'চিঠিপত্র' (ত্রয়োদশ খণ্ড), বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, কলকাতা, প্রকাশ মার্চ, ১৯৯২, পৃষ্ঠা : ১৩৯

১৫. ঐ, পৃষ্ঠা : ১৪২

১৬. ঐ, পৃষ্ঠা : ১৩৯

১৭. রবীন্দ্রনাথ ঠাকুর, 'য়ুরোপ প্রবাসীর পত্র', 'বিশ্বযাত্রী', 'রবীন্দ্র-রচনাবলী' (দশম খণ্ড), পৃষ্ঠা : ২৯০

১৮. রবীন্দ্রনাথ ঠাকুর, 'স্ত্রীশিক্ষা', 'শিক্ষা', বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, কলকাতা, পরিবর্ধিত সংস্করণের পুনর্মুদ্রণ : ভাদ্র, ১৪১৭ (প্রকাশ : ১৩১৫) পৃষ্ঠা : ১৩৭

১৯. রবীন্দ্রনাথ ঠাকুর, 'চিরকুমার সভা', 'রবীন্দ্র-রচনাবলী' (ষষ্ঠ খণ্ড) পৃষ্ঠা : ৬৯৬

CamScanner

শিপ্রা সরকার*

রবীন্দ্রনাথের জীবনদর্শন ও শিক্ষাচিন্তার স্বরূপ

সারসংক্ষেপ : *সত্য-শিব-সুন্দরের পূজারী রবীন্দ্রনাথ বিশ্বব্যাপী পরম এক আধ্যাত্মিক শক্তিতে ছিলেন গভীরভাবে বিশ্বাসী। তাঁর জীবনদর্শন ও জগৎভাবনার মূলে ছিল উপনিষদ। প্রকৃতির সঙ্গে মানুষের প্রগাঢ় সম্পর্কের কথা রবীন্দ্রনাথ গভীরভাবে উপলব্ধি করেছিলেন। পৃথিবীর সকল মানুষের ওপর তাঁর ছিল সমান দৃষ্টি। প্রকৃতির সঙ্গে মানুষের নিগূঢ় সম্পর্ক-বিষয়ক প্রত্যয় রবীন্দ্র-জীবনদর্শনের এক বিশেষ বৈশিষ্ট্য। রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তাতেও তাঁর এই প্রকৃতিচেতনার ছায়াপাত ঘটেছে। রবীন্দ্রনাথ বিদ্যালয়কে মানব-সংস্কৃতি অনুশীলনের শ্রেষ্ঠ ক্ষেত্র হিসেবে বিবেচনা করেছেন। রবীন্দ্রনাথ ঠাকুর ছিলেন সর্বকালের অন্যতম শ্রেষ্ঠ রোমান্টিক কবি। শান্তিনিকেতনের শিক্ষাব্যবস্থায় রবীন্দ্রনাথের সৃজনশীল কবি-প্রতিভার প্রকাশ ঘটেছে ঔপনিবেশিক শাসক-প্রবর্তিত প্রচলিত শিক্ষাব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদস্বরূপ রবীন্দ্রনাথ প্রতিষ্ঠা করেছিলেন শান্তিনিকেতন। এ বিদ্যালয় প্রতিষ্ঠায় একদিকে যেমন রবীন্দ্রনাথের ঔপনিবেশবাদ-বিরোধী চেতনার প্রকাশ ঘটেছে, তেমনি প্রকাশ ঘটেছে তাঁর সৃজনশীল শিক্ষাদর্শন।*

রবীন্দ্রনাথ ঠাকুর মূলত একজন রোমান্টিক কবি। কিন্তু মানবজীবনের এমন কোনো প্রান্ত নেই, যেখানে তাঁর চিন্তার স্পর্শ না পড়েছে। পাশ্চাত্য সভ্যতার বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি এবং ভারতীয় অধ্যাত্মবাদের সার্থক সমন্বয় ঘটেছিল রবীন্দ্রনাথের বিশ্ববীক্ষায়। দার্শনিক চিন্তাধারার দিক থেকে রবীন্দ্রনাথ ছিলেন ভাববাদী (Idealist)। সত্য-শিব-সুন্দরের পূজারী রবীন্দ্রনাথ বিশ্বব্যাপী পরম এক আধ্যাত্মিক শক্তিতে ছিলেন গভীরভাবে বিশ্বাসী। তাঁর জীবনদর্শন ও জগৎভাবনার মূলে ছিল উপনিষদ। প্রকৃতির সঙ্গে মানুষের প্রগাঢ় সম্পর্কের কথা রবীন্দ্রনাথ গভীরভাবে উপলব্ধি করেছিলেন। পৃথিবীর সকল মানুষের উপর তার ছিল সমান দৃষ্টি। অর্থনীতি বা রাজনীতি নয়, তাঁর আন্তর্জাতিকতাবাদের মৌল ভিত্তি ছিল আধ্যাত্মিকতা। ভারত উপমহাদেশে রবীন্দ্রনাথ ছিলেন অন্যতম শ্রেষ্ঠ বিশ্ব-নাগরিক। তাঁর বিশ্বাত্মবোধের মধ্যে জাত-পাতের কোনো প্রভেদ ছিল না। পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ মানবতাবাদী সাহিত্যিক রবীন্দ্রনাথ ঠাকুর। মানবকল্যাণচেতনাই ছিল তাঁর সাহিত্য ও কর্মের কেন্দ্রীয় প্রাণশক্তি। রবীন্দ্রনাথের মানবপ্রেম ও অধ্যাত্মচেতনা পরস্পর পরিপূরক। মানুষের মাঝেই তিনি উপলব্ধি করেছেন ঈশ্বরের অস্তিত্ব, মানুষকেই বসিয়েছেন দেবতার আসনে, উচ্চারণ করেছেন মানবচেতনার এই অম্লান বাণী–'মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ'। লাঞ্ছিত বঞ্চিত পতিত অসহায় মানুষের কথা তিনি পৌনঃপুনিক বলেছেন তাঁর গদ্যে-পদ্যে-নাটকে। রবীন্দ্রনাথ কেবল একজন রোমান্টিক সাহিত্যিক নন; তিনি বিশ্বসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ মানবতাবাদী লেখকও বটে।[১]

*সহযোগী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা, বাংলাদেশ

CamScanner

দীর্ঘ জীবনের সাহিত্য ও কর্মসাধনায় মানুষের মনকে সকল প্রকার যুক্তিহীন অন্ধবিশ্বাসের হাত থেকে মুক্তি দিতে চেয়েছিলেন রবীন্দ্রনাথ। সমাজের যে-সব ক্ষেত্রে বুদ্ধির উদ্বোধন কিংবা মূঢ়তার পরাভব লক্ষ করেছেন, তা-ই তিনি পাঠকের সামনে সোৎসাহে তুলে ধরার চেষ্টা করেছেন। মানুষের জাগরণ বলতে রবীন্দ্রনাথ মনে করতেন মানুষের মোহমুক্ত বুদ্ধির জাগরণ, ক্ষুদ্র সংকীর্ণ নিষেধের শাসন থেকে মুক্তি, অনৈক্যবোধ থেকে মুক্তি।[২] বস্তুত, রবীন্দ্রনাথের মানবধর্ম ও বিশ্বমৈত্রীবোধ পরস্পর সংযুক্ত। এই মানবধর্ম ও বিশ্বমৈত্রীবোধই রবীন্দ্রনাথের জীবনদর্শনের কেন্দ্রীয় পরিচয়-সূত্র। সাহিত্যে, মননে, কর্মে, ধর্মোপলব্ধিতে, সমাজসেবায় যতই বাঙালি সামনের দিকে অগ্রসর হয়েছে, ততই পশ্চিম-পৃথিবীর সঙ্গে তার সংযোগ ঘনিষ্ঠ হয়েছে।

প্রাচ্য-প্রতীচ্যের এই সংযোগবাসনা রবীন্দ্রনাথের জীবনদর্শন ও জগৎভাবনার অন্যতম বৈশিষ্ট্য। প্রসঙ্গত স্মরণ করা যায় 'কালান্তর' প্রবন্ধে উচ্চারিত রবীন্দ্রনাথের এই উপলব্ধি–

> তাই ভেবে দেখলে দেখা যাবে, এই যুগ য়ুরোপের সঙ্গে আমাদের গভীর সহযোগিতারই যুগ। বস্তুত, যেখানে তার সঙ্গে আমাদের চিত্তের, আমাদের শিক্ষার অসহযোগ, সেইখানেই আমাদের পরাভব। এই সহযোগ সহজ হয়, যদি আমাদের শ্রদ্ধায় আঘাত না লাগে। পূর্বেই বলেছি, য়ুরোপের চরিত্রের প্রতি আস্থা নিয়েই আমাদের নবযুগের আরম্ভ হয়েছিল; দেখেছিলুম জ্ঞানের ক্ষেত্রে য়ুরোপ মানুষের মোহমুক্ত বুদ্ধিকে শ্রদ্ধা করেছে এবং ব্যবহারের ক্ষেত্রে স্বীকার করেছে তার ন্যায়সংগত অধিকারকে। ('কালান্তর')

রবীন্দ্রনাথের জীবনদর্শনে মানবকল্যাণচেতনা ও বিশ্বজাতীয়তার ধারণা যে কীভাবে প্রভাব বিস্তার করেছিল, তা বোঝা যায় ১৯৩০ সালে লেখা তাঁর একটি প্রবন্ধ থেকে। "পথে ও পথের প্রান্তে" শীর্ষক প্রবন্ধে রবীন্দ্রনাথ লিখেছেন– 'বিশ্বজাতীয়তার উদ্যম সঙ্ঘীভূত হয়ে উঠেছে জেনিভায়। লীগ অফ নেশনে ঠিক সুর বাজে নি–হয়ত বাজবেও না–কিন্তু আপনা আপনিই ওই শহর সমস্ত জগতের মহানগরী হয়ে উঠছে। যাদের প্রকৃতি বিশ্বপ্রাণ তারা আপনা আপনি ঐখানে এসে মিলবে। ঐ ক্ষেত্রে বর্তমান যুগের একটা মহাকল্যাণ শক্তির উদ্‌বোধন ঘটছে বলে আমার বিশ্বাস।' বৃহৎ বিশ্বের সঙ্গে পরিচয়ের ফলে রবীন্দ্রনাথ কীভাবে বিশ্বমানবতায় বিশ্বাসী হয়ে উঠেছিলেন, তার অব্যর্থ প্রমাণ পাওয়া যায় উপর্যুক্ত উদ্ধৃতাংশে। রবীন্দ্রনাথের জীবনভাবনায় মানবচেতনা কীভাবে বিকশিত হয়েছে, তা ব্যাখ্যা করতে গিয়ে সমালোচক লিখেছেন–

> জাগরণের অর্থ যদি এই হয় যে ক্ষুদ্রের ও সংকীর্ণের বন্ধন থেকে মুক্তি, তাহলে স্বীকার করতে হয় রবীন্দ্রনাথ চল্লিশ থেকে সত্তর–জীবনের এই তিরিশ বৎসর কেবলই বেড়া ভেঙেছেন, নিজেকে বারবার অতিক্রম করেছেন, বৃহৎ থেকে বৃহত্তরে যাত্রা করেছেন। প্রথম যৌবনের জাতীয়তাবাদ ও স্বদেশপ্রেম, তারপর উপনিষদবাদ, তারপর তপোবন ও আনন্দবাদ, ব্রাহ্মসমাজ-নির্দিষ্ট ব্রহ্মোপসনা, জীবনে ও কর্মে ব্রহ্মোপলব্ধির সাধনা–সবই রবীন্দ্রনাথ অতিক্রম করেছেন, শেষ পর্যন্ত মানব-ঐক্যবোধে উপনীত হয়েছেন। সত্যের রূপ ও প্রেরণা বারবার পরিবর্তিত হতে হতে শেষ পর্যন্ত বিশ্বমানবতায় পৌঁছেছে–রবীন্দ্রনাথের এই শেষ ও সর্বোত্তম সত্যোপলব্ধি। রবীন্দ্রনাথ শেষদিকে গল্প-কবিতা-উপন্যাস ও ছবিতে যেরকম দেশকালের গণ্ডিকে অতিক্রম করে মননপন্থী ও অমূর্তপন্থী হয়ে উঠেছিলেন, সমাজচিন্তা তথা মানবচিন্তার ক্ষেত্রেও সেইরূপ অগ্রসর হয়েছিলেন।[৩]

চিরায়তকালের মানবসত্যকে রবীন্দ্রনাথ কখনো প্রচলিত ধর্মগ্রন্থে বা আচার-অনুষ্ঠানে প্রত্যক্ষ করেন নি, বরং একে তিনি সন্ধান করেছেন ব্রাত্য-মানুষের চিত্তলোকের অমেয় অতুল অপরিসীম ঐশ্বর্যের মাঝে। মানবমহিমার বন্দনাই রবীন্দ্রনাথের মানবচেতনার মূল কথা নয়, বরং তাঁর মূল লক্ষ্য মানবাত্মার উদ্বোধন।

CamScanner

'পত্রপুট' কবিতায় আছে রবীন্দ্রনাথের এই স্বকীয় মানবচেতনার পরিচয়, যা পরোক্ষে তাঁর প্রাতিস্বিক জীবনাদর্শেরই পরিচায়ক–

আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন
সকল মন্দিরের বাহিরে
আমার পূজা আজ সমাপ্ত হল
দেবলোক থেকে
মানবলোকে
আকাশে জ্যোতির্ময় পুরুষে
আর মনের মানুষের আমার অন্তরতম আনন্দে।
('পত্রপুট')

–বস্তুত, রবীন্দ্রনাথের মানবচেতনা এই পরম সত্যোপলব্ধির দিব্যবিভায় প্রোজ্জ্বল, শাশ্বতবোধে উজ্জ্বল, চিরায়ত মাঙ্গলিক চেতনায় দীপ্যমান।

রবীন্দ্রনাথের এই মানবচেতনার বহিঃপ্রকাশ ঘটেছে তাঁর সমাজচেতনায়। বিশ্বমানবমুক্তির ঐকাগ্র্য আকাঙ্ক্ষাই তাঁর সমাজচেতনার কেন্দ্রীয় প্রত্যয়। রবীন্দ্রনাথ লিখেছেন–'মানুষের মধ্যে স্বার্থগত আমির চেয়ে যে বড়ো আমি, সেই আমির সঙ্গে সকলের ঐক্য, তার কর্ম সকলের কর্ম। একলা আমির কর্মই বন্ধন, সকল আমির কর্ম মুক্তি।' এই প্রত্যয়ে স্থিত থেকে রবীন্দ্রনাথের সকল কর্ম, তাঁর আদর্শবাদী চিন্তা, বৈপ্লবিক সংগ্রাম এবং সমাজকল্যাণ চিন্তা একটি বিন্দুতে সংহতি লাভ করেছিল। মানুষের ব্যক্তিসত্তাকে রবীন্দ্রনাথ সমাজজীবনের অংশ হিসেবেই বিবেচনা করেছেন। তিনি মানুষকে বিচার ও মূল্যায়ন করেছেন তার সমগ্র জীবন দেশ সমাজ ও সভ্যতার পটভূমিতে স্থাপন করে। মানুষের সামাজিক অস্তিত্বকে তিনি গভীরভাবে স্বীকার করেছেন। প্রাচ্য ও প্রতীচ্য সভ্যতা ও সংস্কৃতির সদর্থক উপাদানগুলো তিনি গভীরভাবে পর্যবেক্ষণ করেছেন এবং বাঙালি জনগোষ্ঠীর জন্য সামঞ্জস্যময় এক সমাজের কথা চিন্তা করেছেন। সমগ্র জীবন ধরে এবং বিপুল সাহিত্যকর্মে তিনি যে মানুষের কথা বলেছেন, সে-মানুষ কোন ব্যক্তিমানুষ নয়, গুণে-কর্মে-সাধনায় পূর্ণাঙ্গ সামাজিক মানুষ। বস্তুত, মানুষের পুঞ্জীভূত মানবিক গুণের সমাহার দিয়ে সামাজিক মানুষের কল্যাণ আকাঙ্ক্ষাই ছিলো রবীন্দ্রনাথের সমাজদর্শনের মূল কথা।[৪]

দীর্ঘ আশি বছরের জীবনবৃত্তে উপমহাদেশের প্রায় প্রতিটি সামাজিক-রাজনৈতিক ঘটনায় রবীন্দ্রনাথ গভীরভাবে আলোড়িত হয়েছেন। কোনো কোনো সামাজিক-রাজনৈতিক ঘটনার সঙ্গে রবীন্দ্রনাথের সংযোগ ছিল অতি নিবিড় ও প্রত্যক্ষ। 'সোনার তরী' কাব্যের ভূমিকায় রবীন্দ্রনাথ লিখেছেন–'মানুষের পরিচয় খুব কাছে এসে আমার মনকে জাগিয়ে রেখেছিল। তাদের জন্য চিন্তা করেছি, কাজ করেছি, কর্তব্যের নানা সংকল্প বেঁধে তুলেছি'; সেই সংকল্পের সঙ্গে উচ্চারণ করেছেন এই সত্যোপলব্ধি–

CamScanner

> আজ আমি বলিতেছি, ভারতবর্ষের দীনতম কৃষককেও আমি ভাই বলিয়া আলিঙ্গন করিব, আর ওই যে রাঙা সাহেব টমটম্ হাকাইয়া আমার সর্বাঙ্গে কাদা ছিটাইয়া চলিয়া যাইতেছে, উহার সহিত আমার কানাকড়ির সম্পর্ক নাই। ('ইংরাজ ও ভারতবাসী')

রবীন্দ্রনাথের জীবনাদর্শ গঠনে তাঁর বাল্যের পরিবেশ, পারিবারিক ঐতিহ্য ও সমকালীন প্রেক্ষাপট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ প্রসঙ্গে বিশেষভাবে প্রণিধানযোগ্য রবীন্দ্র-গবেষক সৈয়দ আকরম হোসেনের এই বিবেচনা–'ঐতিহ্যপুষ্ট রবীন্দ্রপ্রতিভাশক্তি পরিবেশ-পরিপ্রেক্ষিত সূত্রে যেমন সর্বভারতীয় ঐতিহ্যের গভীরতম স্তরে রসগ্রাহী শিকড় সঞ্চারে সক্ষম হয়েছিল ; ঠিক তেমনি নব্য ইয়োরোপীয় গণতান্ত্রিক কর্মবাদী সভ্যতা ও শিল্প-সংস্কৃতির বিস্তৃত এলাকায় পত্রল শাখা-প্রশাখা প্রসারিত করে শক্তি সংগ্রহে ছিল স্বচ্ছন্দচারী। রবীন্দ্রনাথের সৃষ্টিক্ষমপ্রজ্ঞা পারিবারিক বিচিত্রমুখী শিল্পসাধনার সদা উদ্যম তপস্যা ও সৃষ্টিশীল আবহওয়া থেকে পুষ্পিত হওয়ার অন্তরাবেগ সঞ্চয়ে সমর্থ হয়েছিল।'[৫] রবীন্দ্রনাথের পরিবারের সদস্যবৃন্দ সমকালীন সময়ে সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক পরিবর্তন সাধনে যে ভূমিকা রেখেছিলেন, তার প্রভাব পড়েছে রবীন্দ্রনাথের জীবনভাবনা ও শিক্ষাচিন্তায়। প্রসঙ্গত স্মরণ করা যায় সমকালীন প্রেক্ষাপট সম্পর্কে রবীন্দ্রনাথের নিম্নোক্ত ভাষ্য–

I was born in what was then the metropolic of British rule. My ancestors came floating to Calcutta upon the earliest tide of the East India Company. The conventional code of life for our family thereupon became a confluence of three cultures : The Hindu, the Mohammedan and the British,_ the all-pervading fact around my boyhood being the modern city, newly built by a company of Western traders, and the spirit of the modern time seeking its unacconstomed path into our life, stumbling against countless anomalies.[6]

সর্বমানবের প্রতি, সর্বজীবের প্রতি, জীবনের প্রতি অসীম মমত্ববোধ, প্রকৃতির সঙ্গে তার নিগূঢ় আত্মীয়তা, জাতি ও সমাজের প্রতি তার কর্তব্যবোধ, এই সবই রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনদর্শনের সারকথা। এই চৈতন্যময় বিশ্ববোধের ধারণা তাঁর সমস্ত ভাবনা ও কর্মকে আচ্ছন্ন করেছিল। উপনিষদের ঋষিদের মতো রবীন্দ্রনাথের জীবনসাধনা ছিল মহাচৈতন্যকে আপনার মধ্যে উপলব্ধি করার সাধনা, আপনাকে ব্যাপ্ত চৈতন্যের মধ্যে খুঁজে পাওয়ার আরাধনা। স্মরণ করা যায় তাঁর আত্মভাষ্য– 'এই যে বাধাহীন চৈতন্যময় বিশ্ববোধটি অত্যন্ত সত্য হয়ে উঠেছিল এই কথাটি আজ আমরা যেন সম্পূর্ণ গৌরবের সঙ্গে, আনন্দের সঙ্গে স্মরণ করি। এই কথাটি স্মরণ করে আমাদের বক্ষ যেন প্রশস্ত হয়, আমাদের চিত্ত যেন আশান্বিত হয়ে ওঠে। যে বোধ সকলের চেয়ে বড় সেই বিশ্ববোধ, যে লাভ সকলের চেয়ে শ্রেষ্ঠ সেই ব্রহ্মলাভ–কাল্পনিকতা নয়।' (*শান্তিনিকেতন*)।

CamScanner

প্রকৃতির সঙ্গে মানুষের নিগূঢ় সম্পর্ক-বিষয়ক প্রত্যয় রবীন্দ্র-জীবনদর্শনের এক বিশেষ বৈশিষ্ট্য রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তাতেও তাঁর এই প্রকৃতিচেতনার ছায়াপাত ঘটেছে। দার্শনিক হেগেলের মতো রবীন্দ্রনাথও মানুষ প্রকৃতির পারস্পরিক সম্বন্ধটিকে গভীরভাবে উপলব্ধি করেছেন। রবীন্দ্রনাথের চোখে মানুষ ও প্রকৃতি, জীবন ও মৃত্যু এসব পরস্পর পরিপূরক। রবীন্দ্রনাথ বিচিত্র সৃষ্টির মধ্যে আবিষ্কার করেছেন গভীর এক ঐক্যসূত্র। এই বোধ রবীন্দ্র-জীবনদর্শনের বিশিষ্ট এক প্রান্ত। এই ঐক্যবোধের অভাব আছে বলে রবীন্দ্রনাথ প্রচলিত শিক্ষাব্যবস্থার সমালোচনা করেছেন। মিল্টনের 'প্যারাডাইস লস্ট' কাব্য সমালোচনা-সূত্রে তিনি এই ঐক্যবোধের অভাবের কথা বলেছেন, শনাক্ত করেছেন জীবের সঙ্গে মানুষের বিচ্ছেদের প্রান্ত–'মিল্টনের *Paradise Lost* এ কাব্যে আদি মানব-দম্পতির স্বর্গারণ্যে বাস বিষয়টি এমন যে, অতি সহজেই সেই কাজে মানুষের সঙ্গে প্রকৃতির মিলনটি সরল প্রেমের সম্বন্ধে বিরাট ও মধুর হয়ে প্রকাশ পাবার কথা। কবি প্রকৃতি-সৌন্দর্যের বর্ণনা করেছেন। জীব-জন্তুরা সেখানে হিংসা পরিত্যাগ করে একত্রে বাস করছে, তা-ও বলেছেন, কিন্তু মানুষের সঙ্গে তাদের কোন সাত্ত্বিক সম্বন্ধ নেই। এই যে নিখিলের সঙ্গে মানুষের বিচ্ছেদ, এর মূলে একটি গভীরতর বিচ্ছেদের কথা আছে। এর মধ্যে 'ঈশাবাস্যমিদং সর্ব যৎকিঞ্চ জগত্যাং জগৎ', জগতে যা কিছু আছে সমস্তকেই ঈশ্বরের দ্বারা সমাবৃত করে জানবে, এই বাণীটির অভাব আছে' (শিক্ষা)। রবীন্দ্রনাথ বিশ্বচরাচরকে এক মহৎ প্রাণের দ্বারা সমাবৃত করে দেখেছিলেন। সর্বপ্রাণনা ও প্রাণপ্রেতির উৎস যিনি, তিনিই এই বিশ্বপ্রাণের অধিশ্বর। রবীন্দ্রনাথ এই বিশ্বপ্রাণেরই লীলা ও প্রকাশ দেখেছেন এই ভুবনে এবং ভুবনান্তরে।[৭] জগতের সঙ্গে রবীন্দ্রনাথ উপলব্ধি করেছেন অবিমিশ্র এক সংযোগ; বলেছেন এই কথা–'বাল্যকাল থেকে অতি নিবিড়ভাবে আনন্দ পেয়েছি বিশ্বদৃশ্যে।' 'বনবাণী' কবিতাতে আছে রবীন্দ্রনাথের এই জীবনাদর্শের পরিচয়–

আমি যে বেসেছি ভালো এই জগতেরে,
পাকে পাকে ফেরে ফেরে
আমার জীবন দিয়ে জড়ায়েছি এরে,
প্রভাত সন্ধ্যার
আলো অন্ধকার
মোর চেতনায় গেছে ভেসে,
অবশেষে
এক হয়ে গেছে আজ আমার জীবন
আর আমার ভুবন।
ভালোবাসিয়াছি এই জগতের আলো,
জীবনেরে তাই বাসি ভালো।।
('বনবাণী')

মধুময় দ্যুলোকে-ভূলোকে রবীন্দ্রনাথের অবিশ্রাম সঞ্চরণ। পৃথিবীর পার্থিব রূপগুলোকে রবীন্দ্রনাথ কখনো বড় করে দেখেন নি কিংবা দেখান নি; তাঁর কাছে সব সময় প্রাধান্য পেয়েছে পৃথিবী ও প্রকৃতির চিন্ময় সত্তা। এক চৈতন্যময় বিশ্ববোধের ধারণা সত্য হয়ে দেখা দেয় রবীন্দ্র-জীবনদর্শনে।

CamScanner

এতকাল যা ছিল একান্তই তত্ত্বকথা, এবার তা মূর্ত হয়ে উঠলো রবীন্দ্রনাথের ব্যক্তিজীবনের বৃহত্তর পরিধিতে এসে। রবীন্দ্রনাথের ব্যক্তিবোধের স্পর্শে জীবন ও দর্শন একাকার হয়ে মিলে গেছে, তাঁর কাছে এসে ঘুচে গেছে মনন ও সাধনের বিপুল পার্থক্য ।৮ রবীন্দ্রনাথের জীবনদর্শনের এই স্বকীয়তার আলোকেই গড়ে উঠেছে তাঁর প্রাতিস্বিক শিক্ষাচিন্তা। বিশ্বাত্মবোধের অনুপম এক ব্যঞ্জনা তাঁর শিক্ষাচিন্তার মর্মকোষে সদা প্রবাহিত। শিক্ষা প্রতিষ্ঠানের নাম তিনি যখন রাখেন 'বিশ্বভারতী', তখন সহসাই আমরা সেখানে খুঁজে পেতে পারি রাবীন্দ্রিক বিশ্ব-চেতনার নির্ভুল পরিচয়।

রবীন্দ্রনাথের শিক্ষাদর্শন

রবীন্দ্রনাথের জীবনদর্শন দ্বারা গভীরভাবে প্রভাবিত হয়েছে রবীন্দ্রনাথের শিক্ষাদর্শন। দার্শনিক চিন্তার দিক থেকে তিনি ছিলেন ভাববাদী (idealist), আবার প্রকৃতির সঙ্গে নিবিড় আত্মীয়তার বাণী-সূত্রে তাঁকে প্রকৃতিবাদী (naturalist) বলেও আখ্যায়িত করা যায়। অপরদিকে কর্মসূত্রে তিনি ছিলেন একান্তই প্রয়োগবাদী (pragmatist)। রবীন্দ্রনাথের শিক্ষাদর্শনে এই তিন প্রবণতারই প্রভাব বিশেষভাবে লক্ষ করা যায়। রবীন্দ্রনাথের শিক্ষাদর্শনের প্রধান প্রধান বৈশিষ্ট্য নিম্নোক্তভাবে শনাক্ত করা যায়–

মানুষ ও প্রকৃতির নিবিড় সম্পর্ক

রবীন্দ্রনাথের মতে প্রচলিত শিক্ষাব্যবস্থার সবচেয়ে বড় সীমাবদ্ধতা হচ্ছে প্রাকৃতিক পরিবেশ থেকে এর বিচ্ছিন্নতা। রবীন্দ্রনাথ গভীরভাবে বিশ্বাস করেন, প্রকৃতি ও মানুষের মধ্যে রয়েছে এক নিবিড় আত্মীয়তা-বন্ধন। তিনি বিশ্বাস করেন, প্রকৃতির সান্নিধ্যে এসে শিক্ষার্থীর দেহমন সুগঠিত হয় এবং ক্রমে সে পরমসত্তাকে উপলব্ধি করতে শেখে। তাই প্রাচীন ভারতীয় তপোবনধর্মী শিক্ষার আদর্শে তিনি স্থাপন করেছেন তার অনন্য শিক্ষা প্রতিষ্ঠান শান্তিনিকেতন। শান্তিনিকেতনে শিক্ষার্থীর সঙ্গে প্রকৃতির সম্পর্ক ছিল যেমন সহজ, তেমনি স্বতঃস্ফূর্ত।

সর্বভারতীয় আদর্শ ও বাঙালি সংস্কৃতি

রবীন্দ্রনাথের জীবনদর্শনে প্রাচ্য-প্রতীচ্যের অনুপম সমন্বয়চিন্তার প্রতিফলন বিশেষভাবে লক্ষযোগ্য। কিন্তু তার শিক্ষাদর্শনে এই সমন্বয়চিন্তার তেমন প্রভাব পড়ে নি। বস্তুত, তাঁর শিক্ষা-পরিকল্পনায় কোনো বিদেশি ভাবনা অনুকরণের প্রচেষ্টা নেই। তিনি ভারতীয় ঐতিহ্য এবং বাঙালি সংস্কৃতিতে গভীরভাবে বিশ্বাসী ছিলেন এবং এই দুই উৎস থেকে উপাদান সংগ্রহ করে তা শিক্ষা-ব্যবস্থার মাধ্যমে রূপায়িত করতে চেয়েছিলেন। যে শিক্ষা দেশজ ঐতিহ্য ও সংস্কৃতি থেকে শিক্ষার্থীকে উন্মুলিত করে, রবীন্দ্রনাথ সে-শিক্ষার ঘোর বিরোধী ছিলেন।

শিক্ষা কার্যক্রমে বিজ্ঞানমনস্কতা

শিক্ষা-পরিকল্পনায় ভারতীয় ঐতিহ্য ও বাঙালি সংস্কৃতিকে নিবিড়ভাবে আঁকড়ে থাকলেও পশ্চিমা বিজ্ঞানচেতনাকে তিনি উপেক্ষা করেন নি। এক্ষেত্রে তিনি প্রাচ্য সংস্কৃতি এবং প্রতীচ্য বিজ্ঞানকে সমন্বিত করার পক্ষপাতী ছিলেন। পাশ্চাত্য থেকে বিজ্ঞানের যে জ্ঞানভাণ্ডার ভারতে এসেছে, শিক্ষাক্রমে (curriculum) তা তিনি আগ্রহের সঙ্গেই অন্তর্ভুক্ত করেছেন। শিক্ষা-পরিকল্পনায় আধুনিক বিজ্ঞান শিক্ষাকে তিনি সর্বদা গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছেন।

CamScanner

মানবপ্রেম

রবীন্দ্রনাথের শিক্ষাদর্শনের গুরুত্বপূর্ণ উপাদান মানবপ্রেমভাবনা। মানুষের মধ্যে কৃত্রিম অসমতাকে তিনি কখনোই স্বীকার করেন নি। সকল মানুষের প্রতিই ছিল তাঁর গভীর ভালোবাসা। রবীন্দ্র-জীবনদর্শনে যেমন মানবচেতনার বিশিষ্ট আসন আছে, তেমনি তাঁর শিক্ষাদর্শনেও আছে মানবচেতনার প্রতিফলন। উচ্চ-নীচ, ধনী-দরিদ্র, নারী-পুরুষ সকলকেই তিনি সমান জ্ঞানে বিচার করেছেন। এই মানবচেতনা তাঁর শিক্ষাব্যবস্থায় নিয়ে এসেছে ঐক্য, সংহতি ও সাম্যের ধারণা।

স্বাধীনতা স্পৃহা

রুশো, ফ্রয়েবেল ও ডিউইর মতো রবীন্দ্রনাথও স্বাধীনতা ও আনন্দের মধ্য দিয়ে শিশুকে শিক্ষা দেওয়ার পক্ষপাতী ছিলেন। কঠোর শাসন ও নিয়ন্ত্রণের পরিবর্তে শিশুকে কাজের অবাধ স্বাধীনতা দিলে শৃঙ্খলা রক্ষায় কোন সমস্যা থাকবে না, বরং তার চিন্তা ও বিচারশক্তির উন্মেষ ঘটবে–একথা রবীন্দ্রনাথ গভীরভাবে বিশ্বাস করতেন।[৯]

সৌন্দর্যানুভূতি

রবীন্দ্রনাথ গভীরভাবে সুন্দরকে কামনা করেছেন, তিনি ছিলেন সুন্দরের একজন শ্রেষ্ঠ উপাসক। তাই তাঁর মতে, শিক্ষা যাতে শিক্ষার্থীর চেতনায় সৌন্দর্যবোধ জাগ্রহ করে, সে বিষয়ে সতর্ক থাকা প্রয়োজন। বিশ্বে যে সৌন্দর্যানুভূতির আনন্দধারা নিত্য প্রবাহিত হয়ে চলেছে, শিক্ষার্থীকে তার সঙ্গে পরিচয় করে দেওয়াকে রবীন্দ্রনাথ শিক্ষার প্রধান কাজ বলে মত প্রকাশ করেছেন।

নারীশিক্ষা

নারীশিক্ষার ধারণা রবীন্দ্রনাথের শিক্ষাদর্শনের গুরুত্বপূর্ণ একটি অনুষঙ্গ। রবীন্দ্রনাথের মতে নারী-পুরুষের শিক্ষার সমান অধিকার থাকা প্রয়োজন। নারীকে তার প্রয়োজন অনুযায়ী শিক্ষা গ্রহণ করতে হবে। পরিবারের প্রয়োজন, গৃহস্থালী, স্বাস্থ্য ও সন্তান-পরিচর্যা–এসব দিক নারীশিক্ষা-পাঠক্রমে অন্তর্ভুক্তির কথা বলেছেন রবীন্দ্রনাথ। গৃহ ও গৃহের পার্শ্ববর্তী পরিবেশ সম্পর্কেও নারীকে শিক্ষা দেওয়া প্রয়োজন। এছাড়া পরিবারের আয় বৃদ্ধির জন্য পল্লির নারীদের বৃত্তিমূলক কিংবা কুটির শিল্পধর্মী কাজে প্রশিক্ষণ গ্রহণ জরুরি বলে তিনি মত প্রকাশ করেছেন। মোটকথা, নারীশিক্ষার ব্যাপারে রবীন্দ্রনাথের ধারণা ছিল বেশ স্বচ্ছ ও উদার।

আত্মপ্রকাশ ও আত্মবিকাশ

শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীর আত্মপ্রকাশ ও আত্মবিকাশের কথা রবীন্দ্রনাথ বিশেষভাবে উল্লেখ করেছেন। শিক্ষাক্রমে এমন বিষয় অন্তর্ভুক্ত করা উচিত, যাতে শিক্ষার্থীর আত্মচেতনা জাগ্রত হয়। এ জন্য তোতাকাহিনী-নির্ভর শিক্ষাব্যবস্থাকে তিনি বর্জন করার কথা বলেছেন; পরিবর্তে তিনি প্রতিষ্ঠা করতে চেয়েছেন আত্মবিকাশধর্মী আনন্দময় শিক্ষাব্যবস্থা। তিনি মনে করতেন, শিক্ষাব্যবস্থা ও শিক্ষাক্রম এমন হবে যাতে শিক্ষার্থীর সৃজনী প্রতিভা বিকাশের সুযোগ ঘটে। তাঁর মতে প্রকৃতির সাহচর্যে অঙ্কন, বাঁশ ও মৃৎশিল্প, ভাস্কর্য প্রভৃতি সৃজনমূলক কাজে শিক্ষার্থীর অঙ্গ-প্রত্যঙ্গই কেবল সঞ্চারিত হয় না, তার মনেরও যথেষ্ট বিকাশ ঘটে। এ ধরনের সৃজনধর্মী কাজ শিক্ষার্থীকে পড়ালেখার প্রতি গভীরভাবে আকৃষ্ট করে, তাকে করে তোলে স্বপ্নচারী।

CamScanner

শিশু-শিক্ষার্থীর সার্বিক বিকাশ

রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তায় শিশু-শিক্ষার্থীরা সবিশেষ গুরুত্ব পেয়েছে। শিশুদের জন্য তিনি পাঠ্যপুস্তক রচনা করেছেন, বিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন, তাদের শিক্ষাক্রম নিয়ে নানা ধরনের পরীক্ষা-নিরীক্ষা করেছেন। শিক্ষার মাধ্যমে শিশুর সার্বিক বিকাশের পথ সৃষ্টির উপর রবীন্দ্রনাথ তাঁর শিক্ষা-পরিকল্পনায় বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। রবীন্দ্রনাথের মতে, শিশু-শিক্ষার প্রধান কাজ হবে শিশুর দেহমন ও আত্মার পরিপূর্ণ বিকাশ সাধন। শিশুদের শিক্ষাক্রমে,বইয়ের বোঝা না চাপিয়ে, তাদের প্রকৃতিসংলগ্ন করে আনন্দের মাধ্যমে শিক্ষাদানের কথা রবীন্দ্রনাথ পৌনঃপুনিক উচ্চারণ করেছেন।

রবীন্দ্রনাথ ও শিক্ষার লক্ষ্য

লর্ড মেকলে প্রবর্তিত শিক্ষাব্যবস্থার কঠোর সমালোচক ছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। লর্ড মেকলের তথা ইংরেজ আমলের শিক্ষার প্রধান উদ্দেশ্য ছিল কাজ-চালানোর মতো ইংরেজি-জানা কিছু কেরানী সৃষ্টি করা, যারা ইংরেজ সিভিলিয়ান ও দেশীয় লোকদের মধ্যে দোভাষীর কাজ করবে। মেকলের বক্তব্য থেকেই অনুধাবন করা যায় ইংরেজ শাসকদের শিক্ষানীতির মৌল উদ্দেশ্য। নিজেদের উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে ঔপনিবেশিক শাসক মেকলে লিখেছেন–

> We must at present do our best to form a class who may be interpreters between us and the millions whom we govern; a class of persons, Indian in blood and colour, but English in taste, in opinions, in morals and in intellet.[১০]

–মেকলের শিক্ষানীতির এই প্রক্রিয়া বাংলার মধ্যশ্রেনিকে জন্মসূত্রেই স্বদেশ-স্বজাতি থেকে বিচ্ছিন্ন করার ক্ষেত্রে দূরসঞ্চারী ভূমিকা পালন করেছে। সমকালে, ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থায় শিক্ষিত হওয়ায় অর্থই ছিল স্বদেশ-স্বজাতি-স্বজন থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া। বিদ্যা ও বিত্তের বিকৃত বিকাশ নব-উদ্ভূত মধ্যশ্রেণির চেতনায় কেবল পরিবার-সমাজ আর ঐতিহ্যবিচ্ছিন্নতাই সৃষ্টি করে নি, তা জন্ম দিয়েছিল গভীর মানসিক বিচ্ছিন্নতাও।[১১]

ঔপনিবেশিক ইংরেজ শাসক-প্রবর্তিত শিক্ষাব্যবস্থার এই দুর্বলতা, সীমাবদ্ধতা ও অসৎ উদ্দেশ্য রবীন্দ্রনাথ গভীরভাবে উপলব্ধি করতে পেরেছিলেন। তাই তিনি ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থা বর্জন করে প্রবর্তন করতে চেয়েছেন নিজস্ব এক শিক্ষাপদ্ধতি। রবীন্দ্রনাথের মতে, কেরানি সৃষ্টি করা নয়, বরং শিক্ষার প্রকৃত উদ্দেশ্য হচ্ছে মানুষ সৃষ্টি করা। রবীন্দ্রনাথের মতে প্রকৃত মানুষ সৃষ্টি করাই হবে শিক্ষার মূল লক্ষ্য। সামাজিক গুণাবলি অর্জনের মধ্য দিয়ে ব্যক্তির আত্মচেতনার বিকাশ সাধনই, রবীন্দ্রনাথের মতে, শিক্ষার প্রধান উদ্দেশ্য। রবীন্দ্রনাথ শিক্ষাক্ষেত্রে ব্যক্তি ও সমাজকে সমান গুরুত্ব দিয়েছেন। বস্তুত, তিনি শিক্ষার সমাজতান্ত্রিক ও ব্যক্তিতান্ত্রিক লক্ষ্যের মধ্যে সমন্বয় সাধনের চেষ্টা করেছেন। নিচে শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত সূত্রকারে উপস্থাপিত হলো–

CamScanner

১. বৌদ্ধিক বিকাশ : শিক্ষা অজ্ঞানতা দূর করে, ত্বরান্বিত করে মানুষের বৌদ্ধিক বিকাশ। প্রচলিত শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীর বৌদ্ধিক বিকাশ হয় না বলেই রবীন্দ্রনাথ মনে করেন। পুথিভিত্তিক জ্ঞান অর্জন ও প্রচলিত পরীক্ষাকেন্দ্রিক শিক্ষাব্যবস্থার কঠোর সমালোচক ছিলেন রবীন্দ্রনাথ। তাঁর মতে, স্বাধীন চিন্তাশক্তির বিকাশই হবে শিক্ষার লক্ষ্য। তিনি লিখেছেন–'যে শিক্ষা আমাদের বুদ্ধিবৃত্তিকে জাগ্রত ও সক্রিয় করে, আমাদের মনকে অবুদ্ধির প্রভাব থেকে মুক্ত করতে পারে, সেই শিক্ষার দ্বারাই আমাদেরও সমস্ত দুঃখ-দুর্গতির অবসান ঘটতে পারে।' (শিক্ষা)

ত্য

২. বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির বিকাশ : অর্থ শিক্ষার্থীর মনে কৌতূহল ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি জাগ্রত করা শিক্ষার অন্যতম লক্ষ্য হওয়া উচিত বলে র বীন্দ্রনাথ মনে করেন। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি জাগ্রত হলেই একজন শিক্ষার্থী জীবন ও জগতের রহস্য অ ষা আবিষ্কারে উদ্যোগী হবে, তার চেতনা থেকে দূর হবে অজ্ঞানতা অন্ধকার ও কুসংস্কার। ' তি

ন হওয়া থবে

বারবার সতর্ক করেছে র্থীর দৈহিক বি কাশ যাতে স্বাভাবিকভাবে হয়, সে-দিকে শিক্ষার লক্ষ্য থাকা পারে না। তাই তাঁর শিক্ষ ব্যক্ত করেছেন। পাঠের বোঝা বইতে গিয়ে এদেশের শিক্ষার্থীরা যে মাতৃভাষার অনুশীলনের ফ রবীন্দ্রনাথের বেদনার অন্ত ছিল না। তাই তিনি ছাত্র-ছাত্রীদের অধিকার, চিনতে পারে দিতে বলেছেন। শিক্ষার্থীর দৈহিক বিকাশ ও আনন্দময় পাঠের জন্য ল্পনায় মুক্ত পৃথিবীর বুকে খেলাধুলা, নৃত্য-গীত ইত্যাদি আয়োজনের কথা

রবীন্দ্রনাথ

৪. নৈতিক ও আধ্যাত্মিক বিকাশ : রবীন্দ্রনাথের মতে যে সর্বব্যাপী পরমসত্তা ছায়ার মতো আমাদের সহগামী, তাকে উপলব্ধি করাই হলো সকল প্রকার শিক্ষার কেন্দ্রীয় উদ্দেশ্য। তাই আধ্যাত্মিকতা ও নৈতিক মূল্যবোধ সৃষ্টি শান্তিনিকেতনের শিক্ষা-পরিকল্পনায় প্রাধান্য পেয়েছে। ঈশ্বরের কাছে সম্পূর্ণ আত্মসমর্পণের জন্য শিক্ষার্থীদের উদ্দেশ্যে রবীন্দ্রনাথ লিখেছেন–'আমার মাথা নত করে দাও হে তোমার / চরণ ধূলার তলে।' রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন, নৈতিক ও আধ্যাত্মিক চেতনার বিকাশ সাধিত হলেই মানুষ জীবন ও জগৎকে পূর্ণরূপে আবিষ্কার করতে পারবে। প্রসঙ্গত স্মরণীয় তাঁর নিম্নোক্ত ভাষ্য–

> আমি আশ্রমের আদর্শ রূপে বার বার তপোবনের কথা বলেছি। সে তপোবন ইতিহাস বিশ্লেষণ করে পাইনি। তা পেয়েছি কবির কাব্য থেকেই। তাই স্বভাবতঃই সেই আদর্শকে আমি কাব্যরূপে প্রতিষ্ঠা করতে চেয়েছি, বলতে চেয়েছি 'পশ্য দেবস্য কাব্যং', মানবরূপে দেবতার কাব্যকে দেখো। আবাল্য উপনিষদ আবৃত্তি করতে করতে আমার মন বিশ্বব্যাপী পরিপূর্ণতাকে অন্তর্দৃষ্টিতে মানতে অভ্যাস করেছে। সে পূর্ণতা বস্তুর নয়, আত্মার। ('তপোবন')

৫. সামাজিক গুণাবলির বিকাশ : রবীন্দ্রনাথ বিশ্বাস করেন সকল মানুষই সমান। মানুষের মাঝেই তিনি খুঁজে পেয়েছেন পরম ব্রহ্মের অস্তিত্ব। যেহেতু জগতের সবকিছুরই উৎস পরম ব্রহ্ম, তাই রবীন্দ্রনাথের চোখে সবাই সমান। এ কারণেই শৈশব থেকেই শিক্ষার্থীকে ভ্রাতৃত্ববোধ ও সামাজিকতা শিক্ষা দেওয়ার জন্য রবীন্দ্রনাথ বিশেষভাবে বলেছেন। তাঁর মতে, শিক্ষার লক্ষ্য হবে ব্যক্তিত্ব ও আত্মচেতনা বিকাশের সঙ্গে সঙ্গে সামাজিক চেতনারও বিকাশ।

CamScanner

রবীন্দ্রনাথের মতে, জীবনের এই পাঁচটি প্রান্তের কোনটিই অপ্রধান নয় ; তাই সবগুলোই শিক্ষার লক্ষ্য হওয়া উচিত। রবীন্দ্রনাথ প্রবর্তিত শিক্ষার এই লক্ষ্য বিশ্লেষণ করলে দেখা যায়, তিনি তাঁর শিক্ষাদর্শনে দ্বিমাত্রিক সমন্বয়ের দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন। একদিকে শিক্ষা ব্যক্তির মধ্যে আধ্যাত্মিক চেতনা ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির সমন্বয় ঘটাবে; অন্যদিকে, শিক্ষা ব্যক্তির সমস্ত রকম বিকাশ ঘটিয়ে সামাজি উন্নয়নে সহায়তা করবে।[১২] পাশ্চাত্য শিক্ষাদার্শনিকদের শিক্ষাচিন্তার সঙ্গে রবীন্দ্রনাথের শিক্ষাদর্শনের এখানেই পার্থক্য। পাশ্চাত্যের কোনো শিক্ষাদার্শনিক এত ব্যাপক ক্ষেত্রের মধ্যে সমন্বয় সাধন করে শিক্ষা লক্ষ্য নির্ধারণ করতে পারেন নি। তাই রবীন্দ্রনাথকে কেবল ব্যক্তিতান্ত্রিক ও সমাজতান্ত্রিক মতবাদের সমন্বয় সাধক বললে বা কেবল ভারতীয় অধ্যাত্মবাদ ও পাশ্চাত্য বস্তুবাদের মধ্যে সমন্বয় সাধক বললে ভুল হবে। শিক্ষার লক্ষ্য নির্ণয় করতে গিয়ে রবীন্দ্রনাথ ভাববাদ, প্রকৃতিবাদ, বস্তুবাদ, সমাজতান্ত্রিক মতবাদ, ব্যক্তিতান্ত্রিক মতবাদ, উপযোগিতাবাদ সবকিছুর মধ্যে মহা ঐক্য স্থাপন করেছেন, যে ঐক্য একজন শিক্ষার্থীকে প্রকৃত মানুষ করে তুলবে, তাকে করে তুলবে মানবসম্পদ তথা মানবিক পুঁজি। মানুষকে শিক্ষার মা[illegible]মানবিক পুঁজিতে রূপান্তরের এই প্রয়াসই রবীন্দ্রনাথের যুগান্তকারী শিক্ষাদর্শনের পরম লক্ষ্য।

রবীন্দ্র-শিক্ষাদর্শন : পাঠক্রম

রবীন্দ্রনাথ ঠাকুরের মতে শিক্ষার মৌল উদ্দেশ্য অর্জনের জন্য শিক্ষার্থীর [illegible] করে এমন পাঠক্রম রচিত হওয়া উচিত। তিনি পাঠক্রমের মাধ্যমে শিক্ষা[illegible] পরিপূর্ণ রূপটি তুলে ধরতে চেয়েছেন। রবীন্দ্রনাথ বিদ্যালয়কে মানব-সংস্কৃতি অনু[illegible] ক্ষেত্র হিসেবে বিবেচনা করেছেন। তাই পাঠক্রমে সেই সব বিষয়কে অন্তুর্ভুক্ত করার [illegible] দিয়েছেন, যার মাধ্যমে শিক্ষার্থীর চিত্তে মানবসংস্কৃতি সম্পর্কে ধারণা সৃষ্টি হয়। তিনি তাঁর প্রস্তাবিত পাঠক্রমের মধ্যে ভাষা, সাহিত্য, দর্শন, বিজ্ঞান, শিল্পকলা, সঙ্গীত, নৃত্য, পরিবেশ, পল্লি-উন্নয়ন, স্বাস্থ্য, কুটির শিল্প এবং বেশ কিছু সামাজিক কাজকে অন্তর্ভুক্ত করতে চেয়েছেন। শিক্ষার্থীদের ভারতীয় সংস্কৃতির সঙ্গে পরিচিত করার মানসে রবীন্দ্রনাথ *রামায়ণ* ও *মহাভারত*-কে পাঠক্রমের অন্তর্ভুক্তির কথা বলেছেন।

